



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ২৩/০৮/২০১৭ খ্রি:

বন্যার্তদের সহায়তায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা- এগিয়ে এলেন উপাচার্যও

‘মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য’- মানবতার এই মন্ত্রে দিক্ষিত হয়ে বন্যা দুর্গতদের পাশে দাঢ়াল বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন- সমকাল সুহৃদ সমাবেশ, প্রথম আলো বন্ধু সভা, ৭১'র চেতনা, বাঁধন, বিইউ আইটি সোসাইটি, বিইউ ডিবেটিং সোসাইটি, বিএনসিসি সেনা ও নেটো শাখা, রোভার স্কাউট, নর্থ বেঙ্গল স্টুডেন্টস ওয়েলফেয়ার এসোসিয়েশন, উচ্ছাস, প্রকৃতারা সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন এবং সোস্যাল কেয়ার এন্ড ক্যারিয়ার ফাউন্ডেশন এর ব্যানারে একবাঁক তরঙ্গ ও মেধাবী শিক্ষার্থীরা স্ব-উদ্যোগে বন্যার্তদের জন্য নগদ টাকা, কাপড়-চোপড়, খাদ্য সামগ্রী সংগ্রহ করে দুর্গত এলাকা নওগাঁ জেলার উদ্দেশ্যে অদ্য ২৩ আগস্ট ২০১৭ তারিখ রওনা হয়ে যাবে। এ উপলক্ষে সংশ্লিষ্ট শিক্ষার্থীরা সকাল ১০.৩০ মিনিটে বন্যার্তদের সহায়তাকল্পে তাদের সার্বিক প্রস্তুতি সম্পর্কে অবহিত করতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের সাথে তাঁর কনফারেন্স রুমে মিলিত হন। এ সময় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বরিশাল বিশ্ববিদ্যালয় কল্যান তহবিল হতে ৩৩,০০০ টাকা আর্থিক সহয়তা প্রদান করেন। তিনি উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, প্রতিটি মানুষের মধ্যেই মনুষ্যত্ব এবং পশ্চত্তু দু-ধরনেরই বোধ থাকে, তোমাদের আজকের এ উদ্যোগ মনুষত্ত্বেরই বহিঃপ্রকাশ। তোমাদের দেখাদেখি আমাদের যুবসম্পদায়ও অনুপ্রাণিত হবে। উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের এ ধরনের মহত্ত্ব উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। তিনি আরও বলেন, তোমাদের পড়াশুনার পাশাপাশি মানব সেবায়ও আত্ম-নিয়োগ করতে হবে। কেননা সরকারের পাশাপাশি আমরা সকলে যদি বন্যার্তদের পাশে দাঢ়াই তাহলে অচিরেই এই প্রাকৃতিক দুর্ঘাগকে মোকাবেলা করে সামনের দিকে এগিয়ে যেতে পারব। এদিকে একই সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে অধ্যায়নরত বন্যাকবলিত উন্নরবঙ্গের বিভিন্ন জেলার শিক্ষার্থী যাদের পরিবারও বন্যা কবলিত হয়েছে, এ রকম ১১ জন শিক্ষার্থীর হাতে নগদ অর্থ সহায়তা তুলে দেয়ার মাধ্যমে বন্যার্তদের আন পৌছে দেয়া কার্যক্রমের সূচনা করেন উপাচার্য মহোদয়। এ সময় আরও উপস্থিতি ছিলেন টেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সিএসই বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সাল, কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ড. হাফিজ আশরাফুল হক, অর্থ ও হিসাব শাখার পরিচালক এবং রেজিস্ট্রার এর দায়িত্ব পালনকারী মোঃ আশরাফ উদ্দিন, জনসংযোগ দপ্তরের উপ-পরিচালক (চলতি দায়িত্ব) মো. ফয়সল মাহমুদ, উপাচার্য মহোদয়ের একান্ত সচিব সহকারী রেজিস্ট্রার ড. এ এফ এম বোরহান উদ্দীনসহ অন্যান্যরা। উল্লেখ্য শিক্ষার্থীদের এ আহবানে সাড়া দিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যরাও বন্যার্তদের জন্য সহযোগিতার হাত বাড়িয়ে দেয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রঞ্জি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস